দৈনিক
ইত্তেফাক

তারিখ 0 6 DEC 2016
পৃষ্ঠা ২৭ কলাম ৬

# কালিহাতীতে ৪০৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে পরিচ্ছন্নতা কর্মসূচি

■ কালিহাতী (টাঙ্গাইল) সংবাদদাতা

'আমার বিদ্যালয় আমার অহংকার, পরিষ্কার-পরিচ্ছন্নতা আমার অঙ্গীকার' স্লোগানে কালিহাতীতে ৪০৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে একযোগে গত সোমবার পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পালিত হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) আবু নাসার উদ্দিনের উদ্যোগে সোমবার সকালে কালিহাতী আরএস পাইলট উচ্চ বিদ্যালয়ে কর্মসূচির উদ্বোধন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান মোজহারুল ইসলাম তালুকদার। উপজেলার ৭টি কলেজ, ২টি স্কুল এন্ড কলেজ, ৫১টি মাধ্যমিক বিদ্যালয়, ৩টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ১৭২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ ৪০৩টি শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে এই পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার আবু নাসার উদ্দিন বলেন, শিক্ষা প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার পাশাপাশি নিজেকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখার মাধ্যমে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে আগামীদিনের নেতৃত্ব গ্রহণের যোগ্য হয়ে গড়ে উঠতে হবে। এ উদ্যোগটি একটি সময় সারা দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানে পালিত হবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

এ সময় অন্যান্যের মধ্যে আরো উপস্থিত ছিলেন উপজেলা মৎস্য অফিসার আ. কুদ্দুছ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কণিকা মল্লিক, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হারুন অর রশিদ, কালিহাতী পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র সিদ্দিক হোসেন, ওয়ার্ড কাউন্সিলর এনামুল হক, কালিহাতী আরএস পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিজানুর রহমান তালুকদার ও কালিহাতী কলেজের অধ্যক্ষ আ. রহিমসহ শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীবৃন্দ।